অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/27/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো, হ্যালোউইন ঝড়ের দ্বারা ক্ষতিগ্রস্ত বাসিন্দাদের এবং ব্যবসার জন্য কম সুদের ঋণ ঘোষণা করেছেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে, গত বছরের ভয়াবহ হ্যালোউইন ঝড়ের প্রভাব তিনটি কাউন্টির জন্য শারীরিক দুর্যোগ ঘোষণার জন্য যুক্তরাষ্ট্রের ক্ষুদ্র ব্যবসায়ী প্রশাসন (Small Business Administration, SBA) স্টেটের অনুরোধ মঞ্জুর করেছে, যা 10 মিলিয়ন মার্কিন ডলারের বেশি স্থানীয় সম্প্রদায়ের ক্ষতি সাধন করেছে এবং ক্ষতিগ্রস্ত হয়েছে প্রায় 400 ঘরবাড়ি, ব্যবসা এবং অলাভজনক প্রতিষ্ঠান। এসেক্স, হারকিমার এবং ওনাইডা কাউন্টিএই ঘোষণায় অন্তর্ভুক্ত রয়েছে এবং ক্লিনটন, ফ্রাঙ্কলিন, ফুলটন, হ্যামিল্টন, লুইস, ম্যাডিসন, মন্টগোমারি, ওসুইগো, ওটাসেগো, সেন্ট লরেন্স, ওয়ারেন এবং ওয়াশিংটনের নিকটস্থ কাউন্টিসমূহ এই প্রোগ্রামের জন্য যোগ্য। ঘোষণা মঞ্জুর হওয়ার পরে, সেই সব ব্যক্তি, পরিবার, ব্যবসা এবং অলাভজনক ক্ষতিগ্রস্তরা এখন তাদের পুনরুদ্ধারে সহায়তা পাওয়ার জন্য ক্ষুদ্র ব্যবসা প্রশাসনের থেকে নিম্ন-সুদের ঋণের জন্য আবেদন করতে পারে।

"আমি আনন্দিত যে SBA-তে আমাদের ফেডারেল পার্টনাররা ধ্বংসাত্মক হ্যালোইন ঝড় দ্বারা ক্ষতিগ্রস্ত নিউ ইয়র্কের অধিবাসীদের জন্য এই স্বল্প সুদের ঋণকে একটি বিকল্প হিসেবে গড়ে তুলেছে," **গভর্নর কুওমো বলেন।** "একই সাথে, এটা অত্যন্ত হতাশাজনক যে, FEMA 300 বাড়ির মালিকদের জন্য জরুরি তহবিলের জন্য আমাদের অনুরোধ অস্বীকার করেছে। যখন প্রাকৃতিক বিপর্যয় আঘাত করে, তখন কেন্দ্রীয় সরকার ও FEMA-কে বিশেষ করে পদক্ষেপ নিতে এবং সাহায্য করতে হবে। আমরা অতিরিক্ত সহায়তা প্রদান এবং এই ব্যক্তিদের পুনরুদ্ধার এবং তাদের জীবন নতুন করে সাজাতে আমরা প্রতিটি সম্ভাব্য অপশন অনুসরণ করতে থাকব। আমাদের প্রতিবেশীদের যখন আঘাত লাগে, তখন আমরা সবাইআঘাতপ্রাপ্ত হই এবং আমরা অবিরত প্রয়োজনের সময়ে আমাদের সতীর্থ নিউ ইয়র্কের অধিবাসির পাশে দাঁড়াব।"

স্মল বিসনেস অ্যাডমিনিস্ট্রেশন লোন যোগ্য বাসগৃহের মালিক, ভাড়াটে, ব্যবসা এবং অন্যান্যদের যাদের কোনো জরুরি অবস্থা বা আবহাওয়া সম্পর্কিত বিপর্যয়ের পরে আর্থিক সাহায্যের প্রয়োজন, তাদের সহায়তা প্রদান করে। আগুনের পর, SBA-এর কর্মীরা, হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেসের নিউ ইয়র্ক স্টেট ডিভিশন (Division of Homeland Security and Emergency Services) এই ঘটনার সাথে সম্পর্কিত ক্ষতির সম্পূর্ণ পরিমাপ করে। এই মূল্যায়ন নিশ্চিত করেছে যে 145টি বাড়ির ও 29টি ব্যবস্যা প্রতিষ্ঠানের গুরুতর ক্ষতি হয়েছে যার পরিমাণ

যথাক্রমে 5,632,000 মার্কিন ডলার থেকে 1,545,000 মার্কিন ডলার, তার সাথে 193টি বাড়ি এবং 17টি ব্যবসা/অলাভজনকের ক্ষতি হয় যার মোট পরিমাণ যথাক্রমে 2,588,000 মার্কিন ডলার এবং 380,000 মার্কিন ডলার।

নিম্নলিখিত গ্রুপগুলি SBA ঋণ থেকে সাহায্যের জন্য যোগ্য হতে পারেণ:

- বাড়ির মালিকরা: ক্ষতিগ্রস্ত বা ধ্বংস হওয়া রিয়েল এস্টেট মেরামত বা প্রতিস্থাপন করতে 200,000 মার্কিন ডলার পর্যন্ত।
- বাড়িওয়ালা এবং ভাড়াটেদের: ক্ষতিগ্রস্ত বা ধ্বংস ব্যক্তিগত সম্পত্তি মেরামত বা প্রতিস্থাপন করতে 40,000 মার্কিন ডলার পর্যন্ত।
- ব্যবসায় মালিকদের: রিয়েল এস্টেট, ইনভেন্টরি, যন্ত্রপাতি, সরঞ্জাম এবং অন্যান্য শারীরিক ক্ষতি প্রতিস্থাপনের জন্য 2 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত।
- ব্যবসা এবং অলাভজনক সংস্থা: দুর্যোগের পরে স্বাভাবিক ক্রিয়াকলাপ পুনরায় শুরু না হওয়া পর্যন্ত প্রয়োজনীয় কাজের মূলধন প্রদান করতে 2 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত ইকনমিক ইঞ্জুরি ডিস্যাস্টার লোন (Economic Injury Disaster Loans)।

হোমল্যান্ড নিরাপত্তা এবং জরুরি পরিষেবার নিউ ইয়র্ক স্টেট ডিভিশনের ভারপ্রাপ্ত কমিশনার প্যাট্রিক এ. মার্ফি বলেন, "2019 সালের হ্যালোউইন ঝড় আপস্টেট নিউ ইয়র্কের সর্বত্র জনগোষ্ঠীর উপর বিধ্বংসী প্রভাব ফেলেছিল এবং দীর্ঘস্থায়ী প্রভাব বিস্তার করতে থাকে। গভর্নরের নেতৃত্বকে, পাশাপাশি আমাদের কর্মী এবং আমাদের স্থানীয় অংশীদারদের কাজকে ধন্যবাদ, এই তহবিল ক্ষতিগ্রস্ত নিউ ইয়র্কের অধিবাসীদের তাদের জীবনের অংশগুলি একসাথে ফিরিয়ে রাখতে এবং এগিয়ে যেতে সহায়তা করবে।"

30 বছর মেয়াদে সুদের হার বাড়ির মালিকদের এবং ভাড়াটেদের জন্য 1.5 শতাংশ, অলাভজনক সংস্থার জন্য 2.75 শতাংশ এবং ব্যবসার জন্য 3.875 শতাংশ। ঋণের পরিমাণ এবং শর্তগুলি SBA স্থির করে এবং প্রতিটি আবেদনকারীর আর্থিক অবস্থার উপর ভিত্তি করে করা হয়।

ব্যক্তি এবং ব্যবসাগুলি SBA-এর নিরাপদ ওয়েবসাইটে https://disasterloan.sba.gov/ela ইলেকট্রনিক লোন অ্যাপ্লিকেশন ব্যবহার করে অনলাইনে আবেদন করতে পারেন।

ব্যক্তি এবং ব্যবসাগুলি SBA-র গ্রাহক পরিষেবা কেন্দ্রকে 1-800-659-2955 নম্বরে বা বধির এবং যারা কম শোনেন তাদের জন্য 1-800-877-8339 নম্বরে কল করে বা disastercustomerservice@sba.gov -তে ইমেল করে তথ্য প্রাপ্ত হতে পারেন। এছাড়াও ঋণের আবেদন www.sba.gov/disaster থেকে ডাউনলোড করা যেতে পারে। সম্পূর্ণ করা আবেদনগুলি কেন্দ্রে ফেরত পাঠানো উচিত বা এখানে পাঠানো উচিৎ ডাকযোগে: U.S. Small Business Administration, Processing and Disbursement Center, 14925 Kingsport Road, Fort Worth, TX 76155।

প্রকৃত সম্পত্তি ক্ষতির জন্য আবেদনগুলি ফেরত দেওয়ার সময়সীমা হল 27 এপ্রিল 2020।
ইকোনমিক ইঞ্জুরির আবেদনগুলি ফেরত দেওয়ার সময়সীমা হল 25 নভেম্বর 2020।

SBA এর কাস্টমার সার্ভিস রিপ্রেসেন্টেটিভদের ডিসাস্টার লোন আউটরীচ সেন্টারগুলিতে ডিসাস্টার লোন প্রোগ্রাম সম্পর্কে প্রশ্নের উত্তর এবং ব্যক্তিদের তাদের আবেদনগুলি সম্পূর্ণ করতে সহায়তা করতে পাওয়া যাবে।

কেন্দ্রগুলো নিচে অবস্থিত এবং নির্দেশিত হিসাবে খোলা হবে:

ওনাইডা কাউন্টি
ওয়াটসবরো ফায়ার ডিপার্টমেন্ট (Whitesboro Fire Department)
171 Oriskany Blvd. 2nd Floor
Whitesboro, NY 13492

খোলার তারিখ
শুক্রবার, 28 ফেব্রুয়ারি সকাল 11টা থেকে বিকেল 5টা পর্যন্ত

ঘন্টা
সোমবার - বৃহস্পতিবার সকাল 9টা থেকে সন্ধা 6টা পর্যন্ত
শুক্রবার সকাল 9টা থেকে বিকেল 5টা পর্যন্ত
শনিবার 29 ফেব্রুয়ারি সকাল 10টা থেকে দুপুর 2টা পর্যন্ত
শনিবার 7 মার্চ সকাল 10টা থেকে দুপুর 2টা পর্যন্ত

বন্ধ
রবিবার

সমাপনীর তারিখ
বৃহস্পতিবার 12 মার্চ সকাল 9টা থেকে বিকেল 4টা পর্যন্ত

হারকিমার কাউন্টি
নিউপোর্ট দমকল বিভাগ
7350 Main Street
Newport, NY 13416

খোলার তারিখ
শুক্রবার, 28 ফেব্রুয়ারি সকাল 11টা থেকে বিকেল 6টা পর্যন্ত
ঘন্টা:
সোমবার - শুক্রবার সকাল 9টা থেকে সন্ধ্যা 6টা পর্যন্ত

শনিবার 29 ফেব্রুয়ারি সকাল 10টা থেকে দুপুর 2টা পর্যন্ত
শনিবার 7 মার্চ সকাল 10টা থেকে দুপুর 2টা পর্যন্ত

বন্ধ
রবিবার

সমাপনীর তারিখ
বৃহস্পতিবার 12 মার্চ সকাল 9টা থেকে বিকেল 4টা পর্যন্ত

এসেক্স কাউন্টি
সচরণ টাউন লাইব্রেরি
15 Leland Ave.
Schroon Lake, NY 12870

তারিখ
শুক্রবার, 28 ফেব্রুয়ারি সকাল 11টা থেকে বিকেল 5টা পর্যন্ত
শনি, 29 ফেব্রুয়ারি সকাল 10টা থেকে দুপুর 2টা পর্যন্ত
সোম, 2 মার্চ সকাল 9টা থেকে বিকেল 5টা পর্যন্ত
মঙ্গল, 3 মার্চ সকাল 9টা থেকে বিকেল 5টা পর্যন্ত
বুধবার, 4 মার্চ সকাল 9টা থেকে বিকেল 5টা পর্যন্ত

হ্যামিল্টন কাউন্টি
লেক প্লিজেন্ট লাইব্রেরি
2862 State Route 8
Speculator, NY, 12164

খোলার তারিখ
শুক্রবার, 28 ফেব্রুয়ারি সকাল 11টা থেকে বিকেল 6টা পর্যন্ত

ঘণ্টা
সোমবার - শুক্রবার সকাল 9টা থেকে সন্ধ্যা 6টা পর্যন্ত
শনিবার 29 ফেব্রুয়ারি সকাল 10টা থেকে দুপুর 2টা পর্যন্ত
শনিবার 7 মার্চ সকাল 10টা থেকে দুপুর 2টা পর্যন্ত

বন্ধ
রবিবার

সমাপনীর তারিখ

বৃহঃবার। 12 মার্চ সকাল 9টা থেকে বিকেল 4টা পর্যন্ত

ন্যাশনাল ওয়েদার সার্ভিস (National Weather Service) ও নিউ ইয়র্ক স্টেট মেজোনেট (New York State Mesonet) এর তথ্য জানাচ্ছে যে ঝড়ের সময় আপস্টেট নিউ ইয়র্কে সামগ্রিকভাবে দুই থেকে পাঁচ ইঞ্চি সহ ছাড়াছাড়া সাত ইঞ্চি পর্যন্ত বৃষ্টি হয়েছে। যদিও এটি গত 31 অক্টোবর শুরু হয় এবং 1 নভেম্বর পর্যন্ত স্থায়ী হয়, তবে অধিকাংশ বৃষ্টি ছয় ঘন্টার মধ্যে সময়কালে পড়েছিল। এই ঝড় প্রবল বৃষ্টিপাত, ঝলকানি বন্যা এবং শক্তিশালী বায়ু তৈরি করেছিল । ঘটনা হল, পশ্চিম কানাডা ক্রিক-এর হিংকলি ড্যাম এবং কাস্ট ব্রিজ, সকান্দাগা রিভার, হোপ এবং মোহাক রিভারে সামান্য জলপ্রপাতের কারণে বন্যা রেকর্ড মাত্রায় পৌঁছায়। মোহক উপত্যকার কিছু বাসিন্দাকে সরিয়ে নিতে হয়েছে, যার মধ্যে রয়েছে মোয়ার ক্রিকের কাছে হারকিমার কাউন্টির ফ্রাঙ্কফোর্ট গ্রামের বাসিন্দা এবং সকোইট ক্রিকের কাছে ওনিডা কাউন্টির চ্যাডউইকসের বাসিন্দা। চল্লিশটি স্টেট ও টাস্ক ফোর্স 2-এর স্থানীয় সদস্য, স্টেটের সুইফট ওয়াটার রেসকিউ টিম, ঝড়ের সময় 65 জন মানুষ ও 14 টি পশু উদ্ধার করেছে।

ঝড়ের পথ ধরে, 100টিরও বেশি স্টেটের সড়ক ক্ষতিগ্রস্ত হয়েছে, বন্ধ করা হয়েছে বা অন্যথায় অগম্য বন্যার থেকে এই ঘটনার শিখরে, যা একাধিক রাস্তা, সেতু এবং কালভার্ট অতিক্রম করেছে। বেশ কিছু আবহাওয়া-সংক্রান্ত কারণে ক্ষতিগ্রস্ত হয়েছে সড়কপথের ক্ষয় এবং সেতুর ক্ষতি থেকে শুরু করে কালভার্ট ও সড়কপথ সম্পূর্ণ ধ্বংস হয়েছে। গত 31 অক্টোবর থেকে 2 নভেম্বরের মধ্যে নিউ ইয়র্ক স্টেটের উপর দিয়ে বয়ে যাওয়া প্রবল বৃষ্টি, দমকা হাওয়া এবং ঝড়ো হাওয়ায় ক্ষতিগ্রস্ত 650,000 এরও বেশি ইলেকট্রিক গ্রাহকদের বিদ্যুৎ পুনরুদ্ধার করতে হয় ইউটিলিটি কর্মীদের। এর চোটে, বিদ্যুৎ ছাড়া ছিলেন 246,621 জন গ্রাহক।

গত 1 নভেম্বর গভর্নর কেয়ুগা, চতাকুয়া, কর্টল্যান্ড, ডাচেস, এরি, এসেক্স, হ্যামিল্টন, হারকিমার, জেফারসন, মন্টগোমারি, ওনিডা, সারাটোগা এবং ওয়ারেন কাউন্টির জন্য জরুরি অবস্থা ঘোষণা করেন। স্থানীয়দেরকে পরিস্থিতি মোকাবেলা ও পরিচ্ছন্ন কর্মকান্ডে সহায়তা করার উদ্দেশ্যে, ঝড়ের আগে, চলাকালে এবং তার পরে, গভর্নর কুওমো একাধিক স্টেট সংস্থার পক্ষ থেকে বিভিন্ন ধরনের স্টেট পরিস্থিতি মোকাবেলা সরঞ্জাম, কয়েকশ স্টেট কর্মী, ন্যাশনাল গার্ডের সদস্য এবং অন্যান্য বিভিন্ন সংস্থান মোতায়েন করার নির্দেশনা প্রদান করেন। এছাড়াও গভর্নর অধিবাসীদেরকে ঝড়ের পরে অবিলম্বে স্টেট, কাউন্টি এবং অলাভজনক সংস্থার দেওয়া পুনরুদ্ধার সেবা প্রদান করার জন্য মোহক উপত্যকা ও উত্তর দেশের সর্বত্র নয়টি দুর্যোগ সহায়তা সেবাকেন্দ্র প্রতিষ্ঠা করেন।

DHSES সম্পর্কে

ডিভিশন অভ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (DHSES) সন্ত্রাসবাদ, মানবসৃষ্ট ও প্রাকৃতিক বিপর্যয়, হুমকি, অগ্নিসংযোগের ঘটনা এবং অন্যান্য জরুরি পরিস্থিতি থেকে রক্ষা পেতে, তাদের বিরুদ্ধে রুখে দাঁড়াতে, প্রস্তুত থাকতে, সাড়া দিতে এবং উদ্ধার পাওয়ার প্রচেষ্টার জন্য নেতৃত্বে সমন্বয় ও সহায়তা প্রদান করে। আরও তথ্যের জন্য DHSES ফেসবুক পেইজ পরিদর্শন করুন, টুইটারে @NYSDHSES টুইটার বা ইন্সটাগ্রামে অনুসরণ করুন অথবা dhses.ny.gov পরিদর্শন করুন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন